

## ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোকদিবস উদযাপন প্রতিবেদন

স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদৎ বার্ষিকী এবং জাতীয় শোক দিবস পালন উপলক্ষে ১৫ আগস্ট ২০২৩ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১ ঘটিকায় লাইট হাউস স্কুল, মুরহেল, কাহালু, বগুড়া প্রাঙ্গণে লাইট হাউজের প্রতিষ্ঠাতা ও নির্বাহী প্রধান জনাব মো: হারুন-অর-রশীদ-এর সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে লাইট হাউজের সকল কর্মকর্তা-কর্মচারি, স্কুলের শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী এবং অভিভাবক মন্ডলি উপস্থিত ছিলেন। জাতীয় শোক দিবসে লাইট হাউজের প্রতিষ্ঠাতা ও নির্বাহী প্রধান জনাব মো: হারুন-অর-রশীদ বলেন ১৯৭৫ সালে ১৫ই আগস্ট বাঙ্গালী জাতির জন্য একটি কলঙ্কময় দিন। স্বাধীনতা পরবর্তী সময়ে বাংলাদেশের অগ্রযাত্রাকে স্তব্ধ করার লক্ষ্যে কিছু বিপদগামী সেনা-সদস্যরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার স্ব-পরিবারকে হত্যা করে। তার হত্যার দীর্ঘ ২১ বছর পর বঙ্গবন্ধুর স্বপ্ন সোনার বাংলা গড়ার লক্ষ্যে যোগ্য উত্তরসরি প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং বঙ্গবন্ধুর অসম্পাণ্ড কাজগুলো সম্পাণ্ড করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। নির্বাহী প্রধান আরও বলেন জাতির এ শোকাবহ দিনে বঙ্গবন্ধুর আদর্শ লালন করে সোনার বাংলা গড়াতে আমাদের সকলকে অগ্রনি ছমিকা পালন করতে হবে। উক্ত আলোচনা সভায় আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন লাইট হাউস স্কুলের অধ্যক্ষ জনাব ওয়াহিদা ইয়াসমিন, লাইট হাউজ-এর মানব সম্পদ ও প্রশাসন বিভাগের উপ-পরিচালক জনাব মো: ফারুক হোসেন, অর্থ বিভাগের উপ-পরিচালক জনাব মো: আবু সাইদ, ক্ষুদ্রঋণ কর্মসূচির ক্রেডিট স্বমন্ডলকারী জনাব মো: সামছুজ্জোহা তুহিন, লাইট হাউজের প্রকল্প স্বমন্ডলকারী জনাব মো: সিদ্দিকুল আলম মামুন, লাইট হাউস স্কুলের শিক্ষক জনাব মো: আবুল কাশেম, শিক্ষিকা জনাব মোছা: রওশন আরা বেগম ও অভিভাবকবন্দ। এছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে লাইট হাউস স্কুলের ছাত্র-ছাত্রীরা বঙ্গবন্ধু শেখ মুজিবুরের ১৫ই আগস্ট সম্পর্কে উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। লাইট হাউজ রংপুর আরবান প্রাইমারি হেলথ কেয়ার এর মাধ্যমে ১৬০০জন কে ফ্রি চিকিৎসা সেবা প্রদান করা হয়। আলোচনা শেষে ১৫ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহিদদের আত্মার শান্তি কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

প্রতিবেদন প্রণয়নে: জনাব মো: সিদ্দিকুল আলম মামুন (প্রকল্প স্বমন্ডলকারী)



রংপুর জেলায় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও স্বাস্থ্য সেবা প্রদানের ছবি ।

